

বাংলাদেশ দূতাবাস  
ওয়াশিংটন ডিসি

বিইডব্লিউ/ইএম/বিবিধ/এসবি/এনআরবি/২০০৯/৩৮৮

তারিখঃ ১৬, সেপ্টেম্বর, ২০১৩

বিজ্ঞপ্তি

বিষয় : ওয়েজ আর্গার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্পের জামানতের অর্থ (Security Money) ফেরত প্রাপ্তি প্রসংগে।

যুক্তরাষ্ট্রে বসবাসরত/কর্মরত/অবস্থানরত প্রবাসীদের জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্গার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে ঢাকাসহ গলশান ভাটারায় ( নর্থ বারিধারা ) বাস্তুবায়নাধীন ওয়েজ আর্গার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্প অনিবার্য কারণ বশতঃ সরকার কর্তৃক বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে মোতাবেক যুক্তরাষ্ট্রে কর্মরত/অবস্থানরত প্রবাসীদের ওয়েজ আর্গার্স হাউজিং কমপ্লেক্স প্রকল্পের জামানতের অর্থ (Security Money) ফেরত নেয়ার জন্য অনুরোধ করা হলো। জামানতের অর্থ ফেরত প্রাপ্তির লক্ষ্যে নিম্নলিখিত কাগজপত্রাদি ওয়াশিংটনসহ বাংলাদেশ দূতাবাসে প্রেরণের অনুরোধ জানাচ্ছি :

১। সাদা কাগজে পরিচালক, (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্গার্স কল্যাণ তহবিল পরিচালনা বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ফোর/লেভেল-৯, কক্ষ নং ৯১৮, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা ১০০০ বরাবরে আবেদনপত্র (আবেদনকারী নাম, পিতা/ স্বামী, মাতা, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বিদেশসহ ঠিকানা, পাসপোর্ট নম্বর ইত্যাদি উল্লেখ করতে হবে)।

২। জামানত ( Security Money ) জমার প্রমাণ হিসেবে গোলাপী রং এর মল প্রাপ্তি রসিদ (Money Receipt)।

৩। মল আবেদনপত্রে সংযুক্ত /উলিখিত পাসপোর্টের নোটারাইজড কপি।

৪। ২ কপি রঙিন ছবি।

বাংলাদেশে অবস্থানরত নিকট আতায়-এর মাধ্যমে জামানতের অর্থ (Security Money ) ফেরত নেয়া যাবে, সেক্ষেত্রে ২০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প আম-মোক্তার নিয়োগ করে তার নামসহ আবেদনপত্র, আমমোক্তারের রঙিন ছবি, আম-মোক্তারের নমুনা স্বাক্ষর ও অন্যান্য কাগজ পত্রাদি অবশ্যই দূতাবাস কর্তৃক সত্যায়িত হতে হবে।

মোহাম্মদ ওয়াহিদ হোসেন, এনডিসি  
ইকনমিক মিনিষ্টার